Total No. of Printed Pages—8

**1 SEM FYUGP BNLC1**

**2025**

( November )

BENGALI

( Core )

Paper : BNLC1

( প্রাগাধুনিক বাংলা সাহিত্য )

*Full Marks* : 60 (80 for 2023 Batch)

*Time* : 2 hours (3 hours for 2023 Batch)

*The figures in the margin indicate full marks for the questions*

## প্রথম একক

( প্রাচীন ও আদি-মধ্যযুগের সাহিত্য )

১। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে মোট কতগুলো খণ্ড আছে?

(খ) ‘চর্যাপদ’ গ্রন্থটি কোথা থেকে আবিষ্কার করা হয়?

(গ) বিদ্যাপতি কোন্ ভাষায় রাধাকৃষ্ণ-বিষয়ক পদ রচনা করেছিলেন?

২। উত্তর দাও (যে কোনো **একটি**) : ৪

(ক) চর্যাগীতির কাব্যমূল্য বা সাহিত্যমূল্য সম্পর্কে সংক্ষেপে লেখো।

(খ) বৈষ্ণব কবি বিদ্যাপতি ও চণ্ডীদাসের কবিকৃতির একটা সংক্ষিপ্ত তুলনামূলক আলোচনা করো।

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতার রচনা-প্রতিভার স্বরূপ নির্ণয় করো।

(খ) বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের কবি-প্রতিভার মূল্যায়ন করো। 'রামায়ণ'-এর অনুবাদক হিসেবে কবি কৃত্তিবাসের কৃতিত্ব বিচার করো।

## দ্বিতীয় একক

**( অন্ত্য-মধ্যযুগের সাহিত্য )**

৪। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) 'অন্নদামঙ্গল' কাব্যের কয়টি খণ্ড?

(খ) সৈয়দ আলাওলের লেখা কাব্যের নাম কী?

(গ) কমলাকান্ত ভট্টাচার্য কোন্ পর্যায়ের শাক্তপদ রচনায় শ্রেষ্ঠ?





৫। উত্তর দাও (যে কোনো **একটি**) : ৪

(ক) বৃন্দাবনের ষড়গোস্বামী কারা? যে কোনো একজনের বিষয়ে লেখো।

(খ) 'ধর্মমঙ্গল' কাব্যের কবি হিসেবে রূপরাম চক্রবর্তীর কবিত্ব শক্তির পরিচয় দাও।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বৈষ্ণব পদকর্তা জ্ঞানদাসের কাব্যোৎকর্ষ বিচার করো।

(খ) জীবনীকাব্য হিসেবে 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের মূল্যায়ন করে কবি কৃষ্ণদাস কবিরাজের প্রতিভার পরিচয় দাও।

## তৃতীয় একক

**( 'ক' অংশ অথবা 'খ' অংশ থেকে উত্তর দাও )**

**ক—অংশ**

**( বৈষ্ণব পদাবলী )**

৭। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) "চলইতে শঙ্কিল পঙ্কিল বাট"—'বাট' শব্দের অর্থ কী?

(খ) "কি কহব রে সখি আনন্দ ওর"—পদটি কার লেখা?

(গ) "স্বেদ-মকরন্দ/বিন্দু বিন্দু চুয়ত/বিকশিত ভাব-কদম্ব"—'স্বেদ-মকরন্দ' কী?

৮। উত্তর দাও (যে কোনো **একটি**) : ৪

(ক) ''সই কেবা শুনাইলে শ্যাম নাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো
আকুল করিল মোর প্রাণ।।''

পদটির ভাবার্থ লেখো।

(খ) ''দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে
বুক বাহিয়া পড়ে ধারা।
না থাকিব তোমার ঘরে অপযশ দেহ মোরে
মা হইয়া বলে ননিচোরা।।''

গোপালের অভিযোগ কার প্রতি? গোপালের অভিযোগগুলো কী কী?

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'রসোদ্গার' ও 'রাধার পূর্বরাগ' পর্যায়ের পদ-রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব তোমাদের পাঠ্য পদগুলো অবলম্বনে আলোচনা করো।

(খ) কবি জ্ঞানদাসের কৃতিত্ব তোমাদের পাঠ্য পদগুলো অবলম্বনে আলোচনা করো।

**খ—অংশ**

**( শাক্তপদাবলী )**

১০। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) ''ভূতের বেগার খাটিব কত''—কোন্ পর্যায়ের পদ?

(খ) রামপ্রসাদ সেন কোন্ শতকের কবি?





(গ) ''গিরি, এবার উমা এলে আর উমা পাঠাব না।'' এখানে গিরি কে?

১১। উত্তর দাও (যে কোনো **একটি**) : ৪

(ক) ''খলের প্রধান যত
কে আছে তোমার মত
আপনি হইয়ে হত
বধ রে পরের প্রাণ।।''

কার সম্বন্ধে বলা হয়েছে? উক্তিটির অর্থ বুঝিয়ে দাও।

(খ) 'শাক্তপদাবলী'র পাঠ্য কবিতা অবলম্বনে মেনকার চরিত্রটি আলোচনা করো।

১২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) ''ভক্তের আকুতি পর্যায়ে রামপ্রসাদ সেন নিজের নানাবিধ দুঃখ-কষ্টের কথা বললেও শেষ পর্যন্ত তাঁর ভক্তি মুক্তিকামনা ও জগজ্জননীর উপর একান্ত নির্ভরতাই প্রাধান্য পেয়েছে।'' পাঠ্য পদগুলো অবলম্বনে দৃষ্টান্ত সহযোগে তোমাদের মতামত দাও।

(খ) ''শাক্ত পদকর্তারা হিমালয়-কন্যা উমাকে সম্পূর্ণ বাঙালী ঘরের কন্যারূপেই উপস্থাপন করেছেন।'' 'আগমনী' ও 'বিজয়া' পর্যায়ের পদ-অবলম্বনে উক্তিটির যথার্থতা বিচার করো।

## চতুর্থ একক

( 'ক' অংশ অথবা 'খ' অংশ থেকে উত্তর দাও )

### ক—অংশ

( অন্নদামঙ্গল )

১৩। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) ''শিবার হইল ক্রোধ শিবের বচনে।'' শিবা কে?

(খ) ভারতচন্দ্র কোন্ রাজার সভাকবি ছিলেন?

(গ) 'অন্নদামঙ্গল' কাব্যে ব্যবহৃত একটি সংস্কৃত ছন্দের নাম লেখো।

১৪। উত্তর দাও (যে কোনো **একটি**) : ৪

(ক) ''যেখানে কুলীন জাতি সেখানে কোন্দল।'' বক্তার এই মন্তব্যের কারণ কী?

(খ) 'অন্নদামঙ্গল' কাব্য-অবলম্বনে হরিহোড় চরিত্রের পরিচয় দাও।

১৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) ''রাজসভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গল-গান রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা তেমনি তাহার কারুকার্য।'' মন্তব্যটি কার? মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(খ) 'অন্নদামঙ্গল' কাব্যে দেবী অন্নদা ও মহাদেবের দাম্পত্য-জীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তার বর্ণনা দাও।





### খ—অংশ

( মনসামঙ্গল )

১৬। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) চাঁদ সদাগর মনসাকে কী নামে ডাকতেন?

(খ) লখিন্দরের বিবাহের ঘটক কে ছিলেন?

(গ) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যটি কোন্ শতাব্দীর রচনা?

১৭। উত্তর দাও (যে কোনো **একটি**) : ৪

(ক) কেতকাদাসের 'মনসামঙ্গল' অনুসারে অপ্রধান নারী-চরিত্র হিসেবে নেতার চরিত্র বর্ণনা করো।

(খ) কবির 'কেতকাদাস ক্ষেমানন্দ' এমন নাম হওয়ার পেছনে পণ্ডিতদের যুক্তি কী?

১৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) কেতকাদাসের কাব্য-অবলম্বনে চাঁদ সদাগর চরিত্রের পরিচয় দাও।

(খ) কেতকাদাসের কাব্যের-অনুসরণে তৎকালীন সমাজচিত্রের বর্ণনা করো।

## পঞ্চম একক

( ২০২৩ ইং বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য অতিরিক্ত ২০ নম্বরের প্রশ্নপত্র )

১৯। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো **দুটি**) : ১×২=২

(ক) 'চর্যাগীতি'গুলো কোন্ ছন্দে রচিত?

(খ) 'গৌরচন্দ্রিকা' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে?

(গ) 'মনসামঙ্গল'-এর আদি কবি কে?

(ঘ) চাঁদ সদাগরের বসতি কোথায় ছিল?

২০। উত্তর দাও (যে কোনো **দুটি**) : ৪×২=৮

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কবি কে তা নিয়ে যে সমস্যা ও বিতর্কের সৃষ্টি হয়েছিল তা লেখো।

(খ) সাধক কবি কমলাকান্তের কবি-প্রতিভার পরিচয় দাও।

(গ) দৌলতকাজীর রচিত কাব্যটি সম্পর্কে একটি টীকা প্রস্তুত করো।

(ঘ) কেতকাদাসের কাব্য-অবলম্বনে লখিন্দরের চরিত্র বর্ণনা করো।

২১। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কাহিনী আলোচনা করো।

(খ) আরাকন রাজসভার শ্রেষ্ঠ কবি হিসাবে সৈয়দ আলাওলের কৃতিত্বের মূল্যায়ন করো।

(গ) 'ভাবসম্মিলন' ও 'প্রার্থনা' পর্যায়ের পদ-রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমাদের পাঠ্য পদগুলো অবলম্বনে আলোচনা করো।

★★★